সবুজে সবুজে ভরে উঠছে লিডিং ইউনিভার্সিটি ক্যাম্পাস: ড. রাগীব আলী

চেম্বার ডেস্ক: প্রকৃতির সৌন্দর্য ঘেরা সিলেটের দক্ষিণ সুরমা উপজেলার কামাল বাজার ইউনিয়নের রাগীব নগরে অবস্থিত সিলেটের প্রথম বেসরকারি বিশ্ববিদ্যালয় লিডিং ইউনিভার্সিটি প্রতিবছরই বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বৃক্ষরোপণ ও বৃক্ষ বিতরণসহ বিভিন্ন কর্মসূচি পালন করে আসছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার জাতীয় বৃক্ষরোপণ ২০২৪ কর্মসূচির অংশ হিসেবে প্রাকৃতিক ভারসাম্য বজায় রাখতে এবং বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসকে সবুজে সাজিয়ে তুলতে প্রতিবছরের মত এবারের বর্ষা মৌসুমে লিডিং ইউনিভার্সিটিতে বিভিন্ন প্রজাতির বনজ এবং ফলদ বৃক্ষ রোপণ করার উদ্যোগ নেয়া হয়েছে।

‘গাছ লাগাই, গাছ বাঁচাই’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে প্রাকৃতিক পরিবেশের প্রতি সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এবং পুরানো গাছগুলোর পরিচর্যা করার উদ্যোগে বুধবার (১০ জুলাই ২০২৪) সকাল সাড়ে ১১টায় বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বৃক্ষরোপণ ও চারা গাছ বিতরণ -২০২৪ কর্মসূচির উদ্বোধন করেন লিডিং ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান দানবীর ড. সৈয়দ রাগীব আলী। এসময় ট্রাস্টি বোর্ডের ভাইস চেয়ারম্যান সৈয়দ আব্দুল হাই, বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার শ্রীযুক্ত বনমালী ভৌমিক এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তা ও কর্মচারিবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে দানবীর ড. সৈয়দ রাগীব আলী বলেন, আমাদের সুস্থ ও স্বাভাবিক জীবনের নিশ্চয়তা প্রদানে প্রকৃতিকে সুস্থ করে তুলতে হবে। তিনি আরো বলেন, আমরা প্রায়ই সারাবছর লিডিং ইউনিভার্সিটি ক্যাম্পাসে এবং এর আশেপাশে বিভিন্ন ধরনের গাছ রোপণ করে আসছি বলেই আজ এ বিশ্ববিদ্যালয়ে সৃষ্টি হয়েছে প্রকৃতির দৃষ্টিনন্দন শিক্ষাবান্ধব পরিবেশ।

পরিবেশ ও প্রকৃতি আমাদের জীবনে গুরুত্বপূর্ণ, তাই প্রকৃতির ভারসাম্যকে বজায় রাখতে আমাদের সচেতন হতে হবে উল্লেখ করে

অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন ট্রাস্টি বোর্ডের ভাইস চেয়ারম্যান সৈয়দ আব্দুল হাই।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার শ্রীযুক্ত বনমালী ভৌমিক বৃক্ষরোপণ ও চারা গাছ বিতরণ ২০২৪ কর্মসূচি আয়োজক কমিটিকে ধন্যবাদ জানিয়ে বলেন, গাজ রোপণ করা যেমন প্রয়োজন, তারচেয়ে বেশি গুরুত্বপূর্ণ হলো গাছের পরিচর্চা করা। তাই গাছের নিয়মিত পরিচর্চার বিষয়ে আরও সচেতন হওয়ার পরামর্শ দেন তিনি।

লিডিং ইউনিভার্সিটির ক্যাম্পাসে এবছর আম, জাম, কাঁঠাল, জলপাই, পেয়ারা, সিলকড়ই, মেহগনি, কৃষ্ণচূড়া, কদম, নিম, হরিতকি, বহেরা, কামরাঙ্গাসহ বিভিন্ন জাতের গাছ রোপণ এবং চারা বিতরণ কর্মসূচি নেয়া হয়েছে।

অনুষ্ঠানে আরও বক্তব্য প্রদান করেন লিডিং ইউনিভার্সিটির ব্যবসায় অনুষদের ডিন প্রফেসর ড. বশির আহমেদ ভূঁইয়া, কলা ও আধুনিক ভাষা অনুষদের ডিন ড. মো. রেজাউল করিম এবং বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. মফিজুল ইসলাম।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন বৃক্ষরোপণ ও চারা গাছ বিতরণ-২০২৪ অনুষ্ঠানের আহবায়ক এবং আধুনিক বিজ্ঞান অনুষদের ডিন রুমেল এম. এস. রহমান পীর।

কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের সহকারি অধ্যাপক কাজী মো. জাহিদ হাসানের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর মো. মাহবুবুর রহমান,পরিচালক অর্থ ও হিসাব মোহাম্মদ কবির আহমেদ, লাইব্রেরিয়ান মো. আব্দুল হাই ছামেনী, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারিবৃন্দ।